[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পৌর মেয়র আশরাফুল ইসলামের সভাপতিত্বে ট্যাগ অফিসার উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রাপ্ত ভিজিএফ এর আওতায় পৌরসভার সব কয়টি ওয়ার্ডের মোট ৩ হাজার ৮১ জনের মধ্যে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়।

এ সময় প্রত্যেকটি ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা আসনের মহিলা কাউন্সিলরগন উপস্থিত ছিলেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদে ভাতার কার্ড বিতরণ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ২০২০-২১ অর্ধবছরে নতুন করে তালিকা তৈরি করা সকল বয়স্ক ও বিধবা ভাতার কার্ড বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে বাগোয়ান ইউনিয়ন পরিষদ চত্বরে এ সকল ভাতার কার্ড বিতরন করা হয়।কার্ড বিতরন অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

কার্ড বিতরণ অনুষ্ঠানে ইউপি সদস্য সংকর বিশ্বাস, কাজী কোমর উদ্দীন সেলিম, আনোয়ারুল ইসলাম, এম এ খালেক, মহিলা মেম্বার নারগীস খাতুন ও শাহিনুর খাতুন উপস্থিত ছিলেন।

এ সময় ৫৫ জনকে বিধবা ও ৮৬ জনকে বয়স্ক ভাতার কার্ড দেওয়া হয়।

মুজিবনগরে বল্লভপুর মুসলিমপাড়া ক্লাবের আয়োজনে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের আয়োজনে পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

শনিবার বিকালে বল্লভপুর তিন রাস্তার মোড়ে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণের সময় বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের সাবেক সভাপতি বর্তমান প্রধান উপদৃষ্টা সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান শের খান, ক্লাবের উপদৃষ্টা ওয়াসিম শেখ,আমিরুল ইসলাম, ক্লাবের সভাপতি সেলিম রেজা, সাধারন সম্পাদক মতিউর রহমান খানসহ ক্লাবের সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ সময় পথচারীদের মাঝে মোট একশত পিচ মাস্ক বিতরন করা হয়।

এবং করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে সবসময় মাস্ক পরিধান করার আহব্বান জানানো হয়।

মেপ্র/আরপি

মুজিবনগরে মৎস্য সেক্টরে সরকারের সাফল্য বিষয়ে প্রমান্যচিত্র প্রদর্শন

“মাছ উৎপাদন বৃদ্ধি করি, সুখী সমৃদ্ধ দেশ গড়ি” এই শ্লোগান কে সামনে রেখে মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ -২০২০ এর ৫ম দিনের কর্মসূচীর অংশ হিসেবে উপজেলার কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়ে মৎস্যচাষীদের মাঝে ” মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে প্রমান্যচিত্র প্রদর্শন” করা হয়।

শনিবার দুপুরে প্রামন্যচিত্র প্রদর্শন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিব প্রমুখ।

মেপ্র/আরপি

ইবি উপাচার্যের অপসারণের দাবিতে মানববন্ধন

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-উর-রশিদ আসকারীর অপসারণ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদ।

শনিবার (২৫ জুলাই) বেলা ১১টায় কুষ্টিয়া শহরের এন এস রোডে অনুষ্ঠিত এ মানববন্ধনে বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি এবং বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগও যোগ দেয়।

এ সময় সংক্ষিপ্ত সমাবেশে বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে এবং কর্মকর্তা সমিতির সাধারণ সম্পাদক মীর মো. মোর্শেদুর রহমানের পরিচালনায় বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. মাহবুবুল আরফিন, প্রফেসর ড. আলমগীর হোসেন ভূঁইয়া, ড. সাজ্জাদ হোসেন, কর্মকর্তা সমিতির সভাপতি মো. শামছুল ইসলাম জোহা, সদস্য উকিল উদ্দিন, ছাত্রলীগ নেতা জুবায়ের রহমান প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, নিয়োগ বাণিজ্য ও টেন্ডার বাণিজ্যের হোতা দুর্নীতিবাজ ভিসি ড. আসকারী দায়িত্ব গ্রহণ করেই প্রগতিশীল এবং ছাত্রলীগের রাজনীতি ধ্বংস করে জামায়াত-বিএনপির এজেন্ডা বাস্তবায়ন করে চলেছেন। তিনি একটি সিন্ডিকেট তৈরি করে সেই সিন্ডিকেটের মাধ্যমে সকল প্রকার অনিয়ম-দুর্নীতি পরিচালনা করছেন। প্রতিবাদ করলেই নেয়া হয় তার বিরুদ্ধে ব্যবস্থা। বিশ্ববিদ্যালয় আজ তলাবিহীন ঝুড়িতে পরিণত হতে চলেছেন।

বক্তারা, বিশ্ববিদ্যালয়কে বাঁচাতে অবিলম্বে এই দুর্নীতিবাজ ভিসিকে অপসারণ করে ভিসি এবং তার অনিয়ম-দুর্নীতি সিন্ডিকেটের সকল সদস্যের অপকর্ম তদন্তপূর্বক বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির জন্য সরকারের প্রতি জোর দাবি জানান।

তারা বলেন, আগামী ২০ আগস্ট বর্তমান উপাচার্যের মেয়াদ শেষ হচ্ছে। তবে এই দুর্নীতিবাজ উপাচার্য দ্বিতীয় মেয়াদে নিয়োগ পেতে দেন দরবার করছে। তিনি যদি পুনরায় নিয়োগ পান তাহলে ক্যাম্পাসে মারাত্মক অস্থিতিশীল পরিবেশ তৈরি হবে।

মেপ্র/আরপি

চিকিৎসা নিতে লন্ডন গেলেন তামিম

পেটব্যথার সমস্যার জন্য চিকিৎসা নিতে আজ শনিবার লন্ডনে গেছেন বাংলাদেশ ক্রিকেট দলের ওয়ানডে অধিনায়ক এবং দলের সবচেয়ে নির্ভরযোগ্য ওপেনিং ব্যাটসম্যান তামিম ইকবাল। আজ শনিবার সকালে এমিরেটসের ফ্লাইটে লন্ডনের উদ্দেশে রওনা হয়েছেন তামিম।

জানা গেছে, প্রথমে দুবাইয়ে যাত্রাবিরতি দিয়ে পরে লন্ডনে যাবেন দেশসেরা এই ওপেনার। লন্ডনে গিয়ে নিজ খরচে দুই সপ্তাহের সেলফ কোয়ারেন্টাইনে থাকতে হবে তামিমকে। এর মধ্যে নভেল করোনাভাইরাসের কোনো উপসর্গ না দেখা গেলে ডাক্তারের কাছে যাবেন বাংলাদেশ অধিনায়ক।

উল্লেখ্য, গত এক মাসে তিনবারসহ লকডাউন চলাকালীন বেশ কয়েকবার পেটের তীব্র ব্যথায় ভুগেছেন বাঁহাতি ওপেনার তামিম। তামিম পেটব্যথার সমস্যা নিয়ে দেশের বিশেষজ্ঞ চিকিৎসকদের পরমর্শ নিয়ে গত কয়েক দিনে বেশ কিছু পরীক্ষা-নিরীক্ষা করালেও চিকিৎসকরা তাঁর পেটের ব্যথা ও হজম সমস্যার পেছনের কারণ শনাক্ত করতে পারেননি।

চিকিৎসকরা তামিমকে হাসপাতালে ভর্তি হতে বললেও চলমান কোভিড-১৯

মহামারির পরিস্থিতি কারণে তিনি ভর্তি হতে পারেননি। অবশেষে গত মঙ্গলবার লন্ডনের এক চিকিৎসকের সঙ্গে ভিডিওকলে পরামর্শ নেওয়ার পর সেখানে যাওয়ার সিদ্ধান্ত নেন ওয়ানডে অধিনায়ক।

সূত্র- বিডি-প্রতিদিন

মেপ্র/আরপি

সুশাসন প্রতিষ্ঠাই জাতীয় পার্টির লক্ষ্য: জি এম কাদের

জাতীয় পার্টি চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের এমপি বলেছেন, পল্লীবন্ধু হুসেইন মুহম্মদ এরশাদ আজীবন প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠায় কাজ করেছেন। পল্লীবন্ধু উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করে নির্বাচিত প্রতিনিধিদের অধীনে প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ দিয়ে গণমানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটিয়েছিলেন। আমরা পল্লীবন্ধুর আদর্শে উজ্জীবিত হয়ে দুর্নীতি, দুঃশাসন ও বেকারত্ব মুক্ত নতুন বাংলাদেশ গড়ে তুলবো। সামাজিক ন্যায়বিচার ও সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠাই জাতীয় পার্টির লক্ষ্য।

জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের আজ শনিবার বেলা ১১টায় রাজধানীর চকবাজার এলাকার ইসলামবাগ ঈদগাহ মাঠে পল্লীবন্ধুর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত স্মরণসভা ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

জাতীয় যুব সংহতি নেতা রফিকুল আলম প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য মীর আব্দুস সবুর আসুদ, হাজী সাইফুদ্দিন মিলন, আলমগীর সিকদার লোটন, চেয়ারম্যানের উপদেষ্টা মনিরুল ইসলাম মিলন, যুগ্ম মহাসচিব ফকরুল আহসান শাহজাদা, প্রচার সম্পাদক মাসুদুর রহমান মাসুম,

তথ্য ও গবেষণা সম্পাদক জহিরুল ইসলাম মিন্টু, যুগ্ম-দফতর সম্পাদক

মাহমুদ আলম, যুব সংহতি মহানগর দক্ষিণ এর আহ্বায়ক গাজী এম এ সালাম, যুবনেতা দেলোয়ার হোসেন রিপন, আব্দুল খালেক, ফরহাদ হোসেন, সোহান, ২৯ নং ওয়ার্ড কাউন্সিলর মো. জাহাঙ্গীর আলম বাবুল।

সূত্র- বিডি প্রতিদিন

মেপ্র/আরপি

রিজেন্ট হাসপাতালের এমডি মিজানুর গ্রেফতার

এবার রিজেন্ট হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মিজানুর রহমানকে গ্রেফতার করেছে উত্তরা পশ্চিম থানা পুলিশ। মেট্রোরেলের শ্রমিকদের ভুয়া করোনা নেগেটিভ রিপোর্ট দেওয়ার অভিযোগে তাকে গ্রেফতার করা হয়।

শনিবার উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তপন চন্দ্র সাহা গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন।

এর আগে শুক্রবার দিবাগত রাতে গোপালগঞ্জের একটি বাসা থেকে গ্রেফতার করা হয়।
গ্রেফতার মিজানুরকে ১০ দিনের রিমান্ড চেয়ে আদালতে পাঠানো হয়েছে জানিয়েছেন তপন চন্দ্র সাহা।

উল্লেখ্য, মেট্রোরেল প্রকল্পে কর্মরত ৭৬ জন কর্মীকে ভুয়া করোনা রিপোর্ট দেওয়ার অভিযোগে গত সোমবার দিবাগত রাতে রাজধানীর উত্তরা পশ্চিম থানায় রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান মো. সাহেদ করিমসহ হাসপাতালের কয়েকজনের বিরুদ্ধে একটি মামলা হয়। মেট্রোরেলের একটি সাব-কন্ট্রাক্টর প্রতিষ্ঠানের পক্ষে রেজাউল করীম বাদী হয়ে মামলাটি দায়ের করেন।

সূত্র- বিডি প্রতিদিন

সব বৈদেশিক দূতাবাসে হাসিমুখে সেবা দিওয়ার নির্দেশনা পররাষ্ট্রমন্ত্রীর

পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন বাংলাদেশের সব বৈদেশিক দূতাবাসে হাসিমুখে সেবা দিতে কর্মকর্তা-কর্মচারীদের প্রতি নির্দেশনা দিয়েছেন। সম্প্রতি ইউরোপে বাংলাদেশের রাষ্ট্রদূতদের সাথে এক ভার্চুয়াল সভায় এ নির্দেশনা দেন তিনি।

ড. মোমেন বাংলাদেশ মিশনের কোনো কর্মকর্তা-কর্মচারী যেন সেবাগ্রহীতাদের সাথে কোনোধরনের দুর্ব্যবহার না করেন সে বিষয়টি নিশ্চিত করতে রাষ্ট্রদূতদের নির্দেশ দেন।

এসময় তিনি আরও বলেন, যেকোন ধরনের কর্তব্যে অবহেলা, সেবা দিতে অনীহা এবং অসৌজন্যমূলক আচরণের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে পররাষ্ট্র মন্ত্রণালয়।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, বাংলাদেশের সকল দূতাবাসে সেবার গুণগত মান বাড়ানোর নির্দেশনা দিয়েছেন তিনি। মিশনসমূহে চালুকৃত হটলাইনগুলো ২৪ ঘণ্টা চালু রাখাসহ সেবাগ্রহীতাদের সমস্যা ও অভিযোগ শুনে দ্রুত ব্যবস্থা গ্রহণের বিষয়েও মিশনের কর্মকর্তা-কর্মচারিদের নির্দেশ দেন।

মিশনের কর্মকর্তা-কর্মচারিরা ফোন ধরে না বা সেবা দিতে অনীহা প্রকাশ করে-এ ধরনের অভিযোগ যাতে না আসে সে বিষয়টি নিশ্চিত করতে মিশন প্রধানদের অনুরোধ করেন পররাষ্ট্রমন্ত্রী।

সূত্র- বিডি-প্রতিদিন